# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2016**
**THIRD YEAR (BATCH 2014-17)**
**BENGALI (Honours)**

Date : 15/12/2016
Time : 11 am – 3 pm
Paper : VI
Full Marks : 100

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) গোয়েন্দা উপন্যাসের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) কোনো কোনো সময় ঐতিহাসিক উপন্যাসকে ও রাজনৈতিক উপন্যাসকে একইরকম বলে মনে হতে পারে। কেন এমন হয়? সেক্ষেত্রে সাহিত্যের নির্দিষ্ট সংরূপ নির্ণয়ে যে বাধা আসবে, তা কেমন করে অতিক্রম করা সম্ভব?

২। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) রোম্যান্স।

খ) চিত্রকাহিনি।

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) মহাকাব্যের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো।

খ) উদাহরণসহ ছড়ার বৈশিষ্ট্য আলোচনা করো।

৪। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) গাথাকাব্য।

খ) হাইকু।

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) বাংলা রাজনৈতিক নাটকের উদ্ভব ও গতিপ্রকৃতি সংক্ষেপে লেখো।

খ) অ্যারিস্টটলকৃত সংজ্ঞা উল্লেখ করে গ্রিক ট্র্যাজেডি প্রসঙ্গে আলোচনা করো।

৬। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) রূপক নাটক।

খ) চিত্রনাট্য।

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) ব্যক্তিগত প্রবন্ধ আর রম্যরচনাকে কি সবসময় আলাদা করা যায়, যুক্তি ও তথ্য দিয়ে আলোচনা করো।

খ) ডায়েরিসাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করে একটি বাংলা ডায়েরি নিয়ে সংক্ষেপে লেখো।

৮। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) ভ্রমণসাহিত্য।

খ) পত্রসাহিত্য।

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক) বাংলা নাট্যশালার প্রথমদিকের ইতিহাসে কলকাতার সামাজিক-সাংস্কৃতিক পরিবর্তনের লক্ষণগুলি কেমন করে ফুটে উঠছে, তা দেখাও।

খ) আশুতোষ দেবের নাট্যশালা নিয়ে সংক্ষেপে একটি নিবন্ধ রচনা করো।

১০। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) জোড়াসাঁকো নাট্যশালা।

খ) নাট্য নিয়ন্ত্রণ আইন।

১১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১১)

ক) আধুনিকতার কাললক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করে দেখাও রবীন্দ্রনাথ-ব্যতিরিক্ত বিশ শতকের প্রথমার্ধের বাংলার কবিদের মধ্যে এইগুলি কতটা ফুটে উঠল?

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে যাঁদের আধুনিক কবি বলে আমরা আলোচনা আরম্ভ করি, তাঁদের সৃষ্টির আধুনিকতায় কি কোন স্ববিরোধিতা ছিল না? আলোচনা করো।

১২। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) অর্কেস্ট্রা।

খ) সাগর থেকে ফেরা।

১৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১১)

ক) অনেকেই মনে করেন, আধুনিকতায় নাকি ঈশ্বর-বিশ্বাসের বা ঐজাতীয় কোন সর্বাস্তিবাদী অস্তিত্বে বিশ্বাসের স্থান নেই। অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতার 'তিনি'-কে পাঠ করে আর সেই 'তিনি'র 'মেলালেন' নামক ক্রিয়াকর্মটির পৌনঃপুনিক উল্লেখে এই জাতীয় মন্তব্য বা ধারণা কি বিপর্যস্ত হয়ে পড়ে না? আলোচনা করো।

খ) জীবনের লড়াই, বহুমাত্রিক অভিজ্ঞতার সাথে নিত্য বোঝাপড়া, ক্লান্তির দীর্ঘশ্বাস আর কোন এক চিরায়ত শান্তির প্রত্যাশা—'বনলতা সেন' কবিতায় এরা একরৈখিক অনুভবে ধরা পড়ল। আলোচনা করো।

১৪। টীকা লেখো (যে কোন **একটি**)। (১ × ৪)

ক) তুমি নিয়ে চলো আমাকে লোকোত্তর / তোমাকে বন্ধু আমি লোকায়তে বাঁধি।

খ) পূর্বপুরুষ অনুপস্থিত রক্তে তাই / ভারতবর্ষে আজকে তোমার নেইকো ঠাঁই।

———— × ————